আজকের কাগজ

তারিখ 07 FEB 1993
পৃষ্ঠা ৬ কলাম ২

172

# যশোরে ৭৫ হাজার কিশোর প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত

• সার্বজনীন প্রাথমিক শিক্ষা কর্মসূচির সফল বাস্তবায়ন না হওয়ায় যশোর জেলার ৭৭ হাজার ৯শ' ৩৮ জন বিদ্যালয় গমনোপযোগী ছেলেমেয়ে প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত রয়েছে। উক্ত জেলার সর্বমোট বিদ্যালয় গমনোপযোগী ৩ লাখ ৫৯ হাজার ৮শ' ৩৪ জন ছেলেমেয়ের মধ্যে বর্তমানে ২ লাখ ৮১ হাজার ৮শ' ৯৫ জন ছেলেমেয়ে প্রাথমকি বিদ্যালয়সমূহে অধ্যয়ন করছে। তথ্যটি যশোর শিক্ষা অফিস সূত্রে জানা গেছে। যশোর জেলার ৮টি থানায় একটি পরিসংখ্যানে জানা গেছে, অভয়নগরে ৩ হাজার ৫শ' ৩৮ জন, বাঘারপাড়ায় ৫ হাজার ৫শ' ৫৮ জন, কোতোয়ালিতে ১৬ হাজর ৮শ' ৪১ জন, মনিরামপুরে ২০ হাজার ৯শ' ৫২ জন, কেশবপুরে ৬ হাজার ১শ' ৪১ জন, সারসায় ৮ হাজার ৫শ' ৬৪ জন, চৌগাছায় ৭ হাজার ৬শ' ৪০ জন এবং ঝিকরগাছা থানায় ৮ হাজার ৭শ' ৩ জন ছেলেমেয়ে প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত রয়েছে। শিক্ষা বিমুখ ও অভাবের কারণে, বিদ্যালয় গমনোপযোগী ছেলেমেয়ে প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত থাকার প্রধান কারণ। সার্বজনীন প্রাথমিক শিক্ষা কর্মসূচির সফল বাস্তবায় হলে সৃষ্ট সমস্যার সমাধান হবে বলে অভিজ্ঞ মহল মত ব্যক্ত করেছেন। নওয়াপাড়া থেকে তৈয়বুর রহমান।